

Vote 411

হল লীগের ইলেকট্রনিক
ভোটার নির্দেশিকা। ওয়েবসাইট
(www.vote411.org) দেখুন, আপনার
ঠিকানা দিন এবং আপনার ভোটপত্রে জাতি
ও প্রার্থী সন্ধান করুন। প্রার্থী সংক্রান্ত সুনির্দিষ্ট
তথ্যও উপলব্ধ আছে।

VOTE411.ORG
আপনার প্রয়োজন নির্বাচনের তথ্য

2019 সালে আইন-সভার দ্বারা পাস করা অন্যান্য নির্বাচনী সংশোধন

(এই সংশোধনগুলি সম্পর্কে আরো তথ্যের জন্য
www.nyearlyvoting.org দেখুন)

2019 সালে আইনে স্বাক্ষরিত হওয়া বিলগুলি

ভোটদানের জন্য সবেতন ছুটি
প্রাথমিক একীকরণ
প্রাথমিক নির্বাচন চলার সময়ে ভোটগ্রহণের অভিন্ন সময়

2020 সালে কার্যকরী হওয়া বিলগুলি

অনলাইন ভোটার নিবন্ধন
16- ও 17-বছর-বয়সীদের জন্য ভোটদান করার প্রাকনিবন্ধন

পাস হওয়া এবং গভর্নরের স্বাক্ষরের জন্য অপেক্ষমান বিলগুলি

দল তালিকাভুক্তির সময়সীমা পরিবর্তন
ভোটার বান্ধব ভোটপত্র আইন (Voter Friendly Ballot Act)

পাস করা সাংবিধানিক সংশোধন সম্পর্কিত

সমকালীন সমাধানগুলি (2020 নির্বাচনের পরে অবশ্যই পুনরায়
পাস করতে হবে এবং তারপরে ভোটারের অনুমোদনের জন্য
ভোটপত্রে স্থান দিতে হবে)

একই দিনে ভোটার নিবন্ধন
বিনা-অজুহাতে অনুপস্থিতির কারণে অগ্রিম ভোটপত্রে
(Absentee Ballot) ভোটদান

*আগস্ট 16, 2019 পর্যন্ত

www.nyearlyvoting.org

নির্বাচন দিবস 2019 এবং উলটো গণনা



সাধারণ নির্বাচন - নভেম্বর 5

- অক্টোবর 11 – ভোটার নিবন্ধন ফর্ম ডাক-মোহর লাগানোর
বা BOE তে ব্যক্তিগত উপস্থিতিতে নিবন্ধনের শেষ দিন
- অক্টোবর 11 – 2020 প্রাথমিক নির্বাচনের জন্য দলে
তালিকাভুক্তি পরিবর্তন করার শেষ দিন
- অক্টোবর 26 – নভেম্বর 3 থেকে যথাসময়ের পূর্বকালীন
ভোটদান উপলব্ধ থাকে
- অক্টোবর 29 – অনুপস্থিতির কারণে অগ্রিম ভোটপত্র
(absentee ballot) প্রদানের আবেদনে ডাক-মোহর লাগানোর
শেষ দিন
- নভেম্বর 3 – যথাসময়ের পূর্বকালীন ভোটদানের সমাপ্তি
- নভেম্বর 4 – অনুপস্থিতির কারণে অগ্রিম ভোটপত্র
(absentee ballot) প্রদানের জন্য ব্যক্তিগত উপস্থিতিতে
আবেদনের শেষ দিন
- নভেম্বর 4 – সাধারণ নির্বাচনের জন্য ভোটপত্রে ডাক-মোহর
লাগানোর শেষ দিন
- নভেম্বর 5 – অনুপস্থিতির কারণে অগ্রিম ভোটপত্র
(absentee ballot) ব্যক্তিগত উপস্থিতিতে BOE তে প্রদানের
শেষ দিন

www.nyearlyvoting.org

নিউ ইয়র্ক স্টেটের
মহিলা ভোটারদের লীগ
(League of Women Voters)

www.lwvny.org
1-866-598-6971

নিউ ইয়র্ক স্টেটের নির্বাচন বোর্ড
(Board of Elections)

www.elections.ny.gov
1-800-367-8683

ভোটার নিবন্ধন সন্ধান/ভোটদানের
জায়গা অনুসন্ধান:
voterlookup.elections.ny.gov/

ভোটদান যন্ত্র সংক্রান্ত তথ্য:
[www.elections.ny.gov/
VotingMachines.html](http://www.elections.ny.gov/VotingMachines.html)

নিউ ইয়র্ক স্টেট



যথাসময়ের
পূর্বকালীন
ভোটদান

বিবরণ ও
তথ্য

LWV LEAGUE OF WOMEN VOTERS
OF NEW YORK STATE

www.nyearlyvoting.org

যথাসময়ের পূর্বকালীন ভোটদান 2019

যথাসময়ের পূর্বে ভোটদান - 26 অক্টোবর থেকে
3 নভেম্বর 2019 সাধারণ নির্বাচন দিবস - 5 নভেম্বর, 2019

নিউ ইয়র্কবাসীদের জন্য ভোটদান সহজতর হয়ে উঠতে চলেছে। ভোটদানের প্রসঙ্গ এলে নিউ ইয়র্ক দেশের বেশির ভাগ অংশের থেকে অনেক সিঁদিয়ে আছে। তবে এই গত আইনপ্রণয়ন সেশনটি চলাকালীন, অনেক নির্বাচন সংশোধনী বিল পাস হয়েছিল, এবং স্বাক্ষরিত হয়ে আইনে পরিণত হয়েছিল। নিউ ইয়র্ক স্টেটে আপনার নিবন্ধিত হওয়ার ও ভোটদানের উপায়গুলিকে এই নতুন আইনগুলি উল্লেখযোগ্যরূপে বদলে দিয়েছিল। কিছু সংশোধন ইতিমধ্যেই কার্যকরী হয়েছে, কিছু পরের বছর কার্যকরী হবে, এবং দুটি হল সংবিধান সংশোধন যেগুলি পরবর্তী স্টেটব্যাপী নির্বাচনের (2020) পরে আইনসভার উভয় কক্ষের দ্বারা পাস করতে হবে এবং তারপর ভোটারদের দ্বারা অনুমোদন পাওয়া প্রয়োজন।

এই বছরে গৃহীত মূল সংশোধনগুলির একটি হল স্টেট জুড়ে যথাসময়ের পূর্বকালীন ভোটদানের ব্যবস্থা।

যথাসময়ের পূর্বকালীন ভোটদান কী করে?

যথাসময়ের পূর্বকালীন ভোটদান 26 অক্টোবর শনিবার থেকে শুরু করে 3 নভেম্বর, রবিবার পর্যন্ত নয় (9) দিন ধরে আপনার কাউন্টির মধ্যে আপনাকে একটি ভোটগ্রহণ কেন্দ্রে ব্যক্তিগত উপস্থিতিতে ভোটদানের সুযোগ দেয়। যথাসময়ের পূর্বকালীন ভোটদান করার জন্য আপনার কোনো কারণ বা অজুহাত দেখানোর প্রয়োজন নেই।

যথাসময়ের পূর্বকালীন ভোটদানের জন্য ভোটগ্রহণ কেন্দ্রগুলিকে অপরিহার্যভাবে আপনার গতানুগতিক ভোটগ্রহণ কেন্দ্রে অবস্থিত হতে হবে না। যথাসময়ের পূর্বকালীন ভোটদানের জন্য ভোটগ্রহণ কেন্দ্রগুলি কোথায় অবস্থিত হবে এবং ভোটদানের জন্য প্রতিটি কেন্দ্র খোলা থাকার সময়গুলি প্রতিটি কাউন্টি নির্ধারণ করবে। কিছু কাউন্টি আপনাকে যথাসময়ের পূর্বকালীন ভোটদানের দিনগুলিতে একটি সুনির্দিষ্ট ভোটগ্রহণ কেন্দ্র নির্ধারণ করে দেবে এবং অন্যান্য কাউন্টিগুলি যথাসময়ের পূর্বকালীন ভোটদানের জন্য আপনাকে কাউন্টির মধ্যে যে কোনো ভোটগ্রহণ কেন্দ্রে যাওয়ার অনুমতি দেবে। প্রতিটি কাউন্টি এই সিদ্ধান্ত নিতে পারে এবং আপনি আপনার কাউন্টিতে কোথায় ভোটদান করতে পারেন তা আপনি কাউন্টি নির্বাচন বোর্ডের (Board of Elections, BOE) ওয়েবসাইটে বা স্টেট লীগের ওয়েবসাইটে (www.nyeearlyvoting.org) দেখতে পারেন। একটি কাউন্টিতে প্রতি পঞ্চাশ হাজার (50,000) নিবন্ধিত ভোটারের জন্য একটি (1) ভোটগ্রহণ কেন্দ্র থাকা আবশ্যিক, যদিও কিছু কাউন্টিতে আরো বেশি থাকতে পারে।

5ই নভেম্বর, সাধারণ নির্বাচন দিবসে ভোটদানের জন্য আপনাকে অবশ্যই আপনার গতানুগতিক নির্ধারিত ভোটগ্রহণ কেন্দ্রে যেতে হবে।

আপনি যদি যথাসময়ের পূর্বকালীন ভোটদানের সময়ে ব্যক্তিগত উপস্থিতিতে ভোটদান করেন, তাহলে আপনি অনুপস্থিতির কারণে অগ্রিম ভোটপত্র (absentee ballot), বা সাধারণ নির্বাচন দিবসে (5ই নভেম্বর) ভোটগ্রহণ কেন্দ্রে ব্যক্তিগত উপস্থিতির মাধ্যমে ভোটদান করার জন্য যোগ্য হবেন না।

আমি যথাসময়ের পূর্বকালীন ভোটদানের ভোটগ্রহণ কেন্দ্রে কী আশা করতে পারি?

আপনি নির্বাচন দিবসে যেভাবে ভোটদান করেছেন, যথাসময়ের পূর্বকালীন ভোটদানের ভোটগ্রহণ কেন্দ্রে ভোটদান করা তার থেকে ভিন্ন হতে পারে। উদাহরণস্বরূপ, কাগজের নিবন্ধন পুস্তিকার পরিবর্তে ইলেকট্রনিক ভোটগ্রহণ পুস্তিকা

থাকতে পারে। তবে, তাসস্বেও আশা করা হবে যে আপনি স্বাক্ষর করবেন (কাগজের ভোটগ্রহণ পুস্তিকা বা ইলেকট্রনিক ভোটগ্রহণ পুস্তিকায়), একটি ভোটপত্র লেবেন, এবং ভোটপত্রটি সম্পূর্ণ করবেন এবং গণনার জন্য ভোটপত্রটিকে একটি স্ক্যানারে প্রবেশ করাবেন। আপনার ভোটগ্রহণ কেন্দ্রে একটি নমুনা ভোটপত্র পাশ্ট করা উচিত।

যথাসময়ের পূর্বে ভোটদানের জন্য আমার কি নিবন্ধিত হওয়ার প্রয়োজন আছে অথবা আমি কি একটি যথাসময়ের পূর্বকালীন ভোটদানের ভোটগ্রহণ কেন্দ্রে নিবন্ধিত হতে পারি?

আপনাকে তাসস্বেও NYS এ যথাসময়ের পূর্বে ভোটদানের আগে অবশ্যই ভোটদানের জন্য নিবন্ধিত হতে হবে। অক্টোবর 11, 2019, হল আপনার কাউন্টি নির্বাচন বোর্ডের অফিসে ব্যক্তিগত উপস্থিতিতে ভোটদানের জন্য নিবন্ধিত হওয়ার বা আপনার ভোটার নিবন্ধন ফর্ম ডাক-মোহর লাগানোর শেষ দিন (যেটিকে আপনার কাউন্টি নির্বাচন বোর্ডের অফিসে ডাকযোগে পাঠানো উচিত)। NYS এ, যথাসময়ের পূর্বকালীন ভোটদান চলাকালীন বা সাধারণ নির্বাচন দিবসে ভোটদানের সময়ে আপনি ভোটদানের জন্য নিবন্ধন করতে পারেন না। নিবন্ধন ফর্মটি NYS BOE ওয়েবসাইটে (<https://www.elections.ny.gov/VotingRegister.html#VoteRegForm>), আপনার কাউন্টি নির্বাচন বোর্ডের (Board of Elections) অফিস বা ওয়েবসাইটে, স্টেট লীগ ওয়েবসাইটে (<https://www.nyonline.org/advocacy/vote/2019/2019-Voter-Reg-Form.pdf>) উপলব্ধ আছে বা আপনি NYS মোটর গাড়ি বিভাগ (NYS Department of Motor Vehicles) এর মাধ্যমে <https://dmv.ny.gov/more-info/electronic-voter-registration-application> এ অনলাইন নিবন্ধন করতে পারেন যদি DMV (যেমন, ড্রাইভার'স লাইসেন্স, গাড়ির নিবন্ধন) এর সাথে আপনার একটি অ্যাকাউন্ট থাকে।

প্রতিটি ভোটদান কেন্দ্রে কীভাবে নিবন্ধিত ভোটারদের তালিকা সহ ভোটদান পুস্তিকাগুলি থাকবে?

কিছু কাউন্টিতে, যথাসময়ের পূর্বকালীন ভোটদানের জন্য শুধুমাত্র একটি ভোটগ্রহণ কেন্দ্র উপলব্ধ থাকবে এবং সেটি কাউন্টি নির্বাচন বোর্ডের (Board of Elections) অফিস হতে পারে। কিছু কাউন্টিতে যেখানে যথাসময়ের পূর্বকালীন ভোটদানের জন্য একাধিক ভোটগ্রহণ কেন্দ্র আছে, সেখানে আপনার জন্য যথাসময়ের পূর্বকালীন ভোটদানের একটি সুনির্দিষ্ট কেন্দ্র নির্ধারণ করা হবে। (5ই নভেম্বর, সাধারণ নির্বাচন দিবসে আপনি আপনার যে গতানুগতিক ভোটগ্রহণ কেন্দ্রে ভোটদান করবেন সেটির থেকে এই ভোটগ্রহণ কেন্দ্রটি ভিন্ন হতে পারে।) অন্যান্য কাউন্টিগুলিতে, যথাসময়ের পূর্বে ভোটদান করার জন্য আপনাকে যে কোনো ভোটগ্রহণ কেন্দ্রে যাওয়ার অনুমতি দেওয়া হবে, যেখানে ইলেকট্রনিক ভোটদান পুস্তিকাগুলি থাকার সম্ভাবনা থাকবে যেগুলিতে সেই কাউন্টির সকল ভোটারদের তালিকা থাকবে; এবং আপনি ইলেকট্রনিক ভোটদান পুস্তিকাকে (কম্পিউটার) আপনার নামের দ্বারা সাইন ইন করবেন।

যথাসময়ের পূর্বকালীন ভোটদানের ভোটগ্রহণ কেন্দ্রগুলিতে এবং সাধারণ নির্বাচন দিবসের ভোটগ্রহণ কেন্দ্রগুলিতে থাকা ভোটপত্রগুলি কি দেখতে একই রকম হবে?

হ্যাঁ, যথাসময়ের পূর্বকালীন ভোটদানের ভোটগ্রহণ কেন্দ্রগুলিতে থাকা ভোটপত্রগুলি 5ই নভেম্বর, সাধারণ নির্বাচন দিবসে প্রদান করা ভোটপত্রগুলির হুবহু সদৃশ হবে। প্রতিটি ভোটগ্রহণ কেন্দ্রে একটি নমুনা ভোটপত্র প্রদর্শন করা উচিত, তবে এটি আপনার কাউন্টির কাউন্টি নির্বাচন বোর্ডের (Board of Elections) ওয়েবসাইটেও উপলব্ধ থাকে।

আমি যদি যথাসময়ের পূর্বে ভোট দিই তাহলে আমার ভোট কখন গণনা করা হবে?

যথাসময়ের পূর্বে ভোটগ্রহণ কেন্দ্রে জমা দেওয়া (অক্টোবর 26 থেকে নভেম্বর 3) ভোটপত্রগুলিকে 5ই নভেম্বর, সাধারণ নির্বাচন দিবসে গণনা করা হবে। বিধিবদ্ধ আইনটি কাউন্টিগুলিকে যথাসময়ের পূর্বকালীন ভোটদান করা ভোটপত্রগুলির গণনা 5ই নভেম্বর, মঙ্গলবার রাত 8 টার আগে শুরু করার অনুমতি দেয় না।

আমি যদি যথাসময়ের পূর্বে ভোট দিই তাহলে কি আমি আমার ভোট পরিবর্তন করতে পারি?

না, আপনি একটি যথাসময়ের পূর্বকালীন ভোটদানের ভোটগ্রহণ কেন্দ্রে ব্যক্তিগত উপস্থিতিতে ভোটপত্র জমা দেওয়ার পরে, আপনি যথাসময়ের পূর্বকালীন ভোটদানের ভোটগ্রহণ কেন্দ্রে বা সাধারণ নির্বাচন দিবসে আপনার গতানুগতিক ভোটগ্রহণ কেন্দ্রে পুনরায় ভোট দিতে পারেন না। আপনি আপনার ভোটপত্র একবার জমা দেওয়ার পরে, আপনার ভোটদান সম্পূর্ণ হয়ে যাবে এবং আপনার ভোট পরিবর্তন করতে পারেন না।

আমার নাম কাগজের ভোটগ্রহণ পুস্তিকা বা ইলেকট্রনিক ভোটগ্রহণ পুস্তিকায় না থাকলে কী হয়?

আপনি যদি একটি যথাসময়ের পূর্বকালীন ভোটদানের ভোটগ্রহণ কেন্দ্রে থাকেন বা সাধারণ নির্বাচন দিবসে আপনার গতানুগতিক ভোটগ্রহণ কেন্দ্রে থাকেন, এবং আপনার নাম ভোটগ্রহণ পুস্তিকায় না থাকে (কাগজের ভোটগ্রহণ পুস্তিকা বা ইলেকট্রনিক ভোটগ্রহণ পুস্তিকার কোনোটিতেই), তাহলে একটি হলফনামা ভোটপত্র (affidavit ballot) সম্পূর্ণ করতে বলা (কখনো কখনো এটিকে শর্তাধীন ভোটপত্র (provisional ballot) বলা হয়)। নিশ্চিত করুন যে আপনি আপনার ঠিকানা অনুযায়ী একটি সঠিক ভোটগ্রহণ কেন্দ্রে আছেন (যথাসময়ের পূর্বকালীন ভোটদান বা সাধারণ নির্বাচন দিবসে), এবং যদি এমন হয়, সেই ক্ষেত্রে একটি হলফনামা ভোটপত্র সম্পূর্ণ না করে চলে যাবেন না। সাধারণ নির্বাচন দিবসের পরে, কাউন্টির নির্বাচন বোর্ডের (Board of Elections, BOE) অফিস আপনার নিবন্ধন খতিয়ে দেখবে এবং আপনি যদি একজন যোগ্য ভোটার হন তাহলে আপনার হলফনামা ভোটপত্র (affidavit ballot) গণনা করবে। আপনার ভোটপত্রটিকে যে গণনা করা হয়েছিল তা নিশ্চিত হওয়ার জন্য, আপনার ফোন করা বা আপনার কাউন্টি BOE-তে সাক্ষাৎ করার মাধ্যমে অনুসরণ করা উচিত। NYC সহ, নির্দিষ্ট কিছু কাউন্টিতে, আপনার ভোট গণনা করা হয়েছিল কিনা তা জানিয়ে BOE আপনাকে একটি চিঠি পাঠাবে।

যথাসময়ের পূর্বকালীন ভোটদানের সময়কালে যদি আমি অন্যত্র চলে গিয়ে থাকি বা চলে যাই তাহলে কী হয়?

এই বছরে আইন-সভায় পাস হওয়া অন্যান্য সংশোধনগুলির একটি ছিল স্টেটব্যাপী ভোটার নিবন্ধন স্থানান্তর, যা “নিবন্ধন বহনীয়তা (Registration Portability)” হিসাবেও পরিচিত। এই আইনটি স্টেটব্যাপী ভোটার তালিকাকে থাকা একজন ভোটারের নিবন্ধন এবং তালিকাজুক্তিকে স্টেটটির মধ্যে ভোটার যেখানেই চলে যান না কেন সেখানে স্থানান্তরিত করাকে নির্বাচন বোর্ডের জন্য বাধ্যতামূলক করে। তাই যদি আপনি অন্যত্র চলে যান, এমনকি NYS এ একটি ভিন্ন কাউন্টিতে, এবং নতুন কাউন্টিকে আপনার ঠিকানা পরিবর্তন সম্পর্কে জানানো না হয়ে থাকে, তাহলেও আপনার নতুন ঠিকানার ভোটগ্রহণ কেন্দ্র একটি হলফনামা ভোটপত্রে (affidavit ballot) আপনি ভোট দিতে পারেন, এবং আপনার নতুন ঠিকানাটির সত্যতা প্রতিপাদিত হওয়ার পরে আপনার হলফনামা ভোটপত্র গণনা করা হবে।

এটি একটি নতুন আইন হওয়ার কারণে, আমরা দুঢ়ভাবে সুপারিশ করি যে আপনি যদি অন্যত্র চলে যান, তাহলে আপনার নতুন তথ্য সহ একটি ভোটার নিবন্ধন ফর্ম জমা দিন বা আপনার নিবন্ধন অনলাইনে পরিবর্তন করার জন্য MyDMV এ যান (উপরে দেখুন)। আপনার যদি একটি ড্রাইভারের লাইসেন্স বা মোটর গাড়ির নিবন্ধন থাকে এবং আপনার ঠিকানা পরিবর্তন করার জন্য মোটর গাড়ির বিভাগে (Department of Motor Vehicles) একটি ফর্ম দাখিল করার প্রয়োজন হয়, তাহলে DMV-এর ফর্ম MV-232 এ থাকা সেই বিকল্পটির জন্য “হ্যাঁ” এ টিক চিহ্ন দিয়ে একই সাথে আপনার ঠিকানা পরিবর্তনের বিষয়টি নির্বাচন বোর্ডকে জানাতে পারেন।

এছাড়াও, আপনি যদি যথাসময়ের পূর্বকালীন ভোটদানের সময় অথবা সাধারণ নির্বাচন দিবসে ভোটদান করতে যান, এবং আপনার নাম ভোটগ্রহণ পুস্তিকায় না থাকে তাহলে একটি হলফনামা ভোটপত্র (affidavit ballot) সম্পূর্ণ করুন। আপনাকে হলফনামা ভোটপত্র (affidavit ballot) খামের উপরে আপনার নতুন ঠিকানাটি লিখতে প্রণোদিত করা হবে।